



স্মারক নং-৩৭.০২.০০০০.১১৭.৩৪.০০১.১৯- ৩৩৪/১

তারিখ : ২০-০৪-২০২২ খ্রিস্টাব্দ

বিষয় : ২০২১-২০২২ অর্থবছরে মঞ্জুরীকৃত তামাদি/বকেয়া বৃত্তির জন্য MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রিকরণ।

সূত্র : মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১১৭.৩৪.০০১.১৯-১০৫/১০; তারিখ : ১৬-০২-২০২২ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক ২০১৯-২০২০ অর্থবছর হতে রাজস্ব খাতভুক্ত সকল ধরনের বৃত্তি/উপবৃত্তির অর্থ G2P পদ্ধতিতে EFT-এর মাধ্যমে শিক্ষার্থীর ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণের কার্যক্রম চলমান রয়েছে। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে সূত্রোক্ত স্মারকে এসএসসি/এইচএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের আবেদনের ভিত্তিতে তামাদি/বকেয়া বৃত্তির অর্থ ২০২১-২০২২ অর্থবছরে মঞ্জুর করা হয়।


এমতাবস্থায়, ২০২১-২০২২ অর্থবছরে তামাদি/বকেয়া বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণপূর্বক MIS সফটওয়্যারে আগামী ২৮/০৪/২০২২ তারিখের মধ্যে এন্ট্রি প্রদানের জন্য অনুরোধ করা হলো।

MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রির ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশাবলী অনুসরণীয় :

- ০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত অধ্যয়নরত রয়েছে নিশ্চিত হয়ে তথ্য এন্ট্রি করা;
- ০২। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব খুলতে হবে;
- ০৩। শিক্ষার্থীর নামের একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারও ব্যাংক হিসাব নম্বর প্রদান করা যাবে না;
- ০৪। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম অভিন্ন হতে হবে;
- ০৫। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে;
- ০৬। বিকাশ, শিউর ক্যাশ নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের হিসাব নম্বর প্রদান না করা;
- ০৭। শিক্ষার্থীর সর্বশেষ পরীক্ষার নাম ও সাল, রেজিস্ট্রেশন নম্বর, প্রাপ্ত জিপিএ সঠিকভাবে পূরণ করতে হবে;
- ০৮। শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর, ব্যাংক ও শাখার নাম, রাউটিং নম্বর নির্ভুলভাবে পূরণ করতে হবে;
- ০৯। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য MIS Software-এ যথাযথভাবে এন্ট্রি হয়েছে কিনা তা নিশ্চিত করার জন্য দুই জন শিক্ষককে দায়িত্ব প্রদান করতে হবে (অত্র অধিদপ্তরের জারীকৃত পত্রের স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৭.৯৯.০০১.২০-১৯১/২০, তারিখ: ০২/০৩/২০২২-এর নির্দেশনা অনুসরণীয়);
- ১০। তথ্য প্রেরণের ক্ষেত্রে ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;
- ১১। মঞ্জুরকৃত তামাদি বৃত্তির টাকা ইতোমধ্যে উত্তোলিত হয়নি নিশ্চিত হয়ে MIS- এ তথ্য এন্ট্রি করতে হবে;
- ১২। শিক্ষার্থীর প্রদত্ত ব্যাংক হিসাবটি অবশ্যই সচল (Active) থাকতে হবে;
- ১৩। তথ্য এন্ট্রি দেয়ার সময়সীমা : ২৮/০৪/২০২২ খ্রি. পর্যন্ত।

তথ্য পূরণ এর জন্য লিংক নিম্নরূপ :

DSHE Scholarship MIS এর URL (লিংক) : scholarship.dshe.gov.bd/DSHE-MIS/login


(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
ফোন: ০২২২৩৩৮৩৪৩৯

প্রাপক :

রেজিস্ট্রার/অধ্যক্ষ (সকল).....।

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১. প্রোগ্রাম এন্ট্রিকিউটিভ এন্ড কো-অর্ডিনেটর, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০২. পরিচালক, কলেজ ও প্রশাসন/পরি: ও উন্নয়ন/অর্থ ও ক্রয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৩. রেজিস্ট্রার/অধ্যক্ষ,(দাবীকৃত অর্থ ইতিপূর্বে পরিশোধিত না হওয়ার বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান নিশ্চিত হয়ে এতদসংক্রান্ত তথ্য MIS Software-এ এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো)
০৪. উপ-পরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
০৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা
০৬. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস-সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
(“২০২১-২০২২ অর্থবছরে মঞ্জুরীকৃত তামাদি/বকেয়া বৃত্তির জন্য MIS সফটওয়্যারে তথ্য এন্ট্রিকরণ” শিরোনামে পত্রটি মাউশি’র ওয়েবসাইটের নোটিশ বোর্ডে এবং স্ক্রলে প্রকাশের অনুরোধসহ)
০৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
০৮. সংরক্ষণ নথি